সংবাদ

তারিখ 07 OCT 2013
পৃষ্ঠা ৪ কলাম ২

# শিক্ষক-কর্মচারীর ৩০ ভাগ মহার্ঘভাতা ও নতুন বেতন স্কেলে অন্তর্ভুক্তির দাবি

নিজস্ব বার্তা পরিবেশক

অবিলম্বে বেসরকারি শিক্ষক-কর্মচারীদের ৩০ ভাগ মহার্ঘ ভাতা ও স্বয়ংক্রিয়ভাবে শিক্ষক-কর্মচারীদের নতুন জাতীয় বেতন স্কেলে অন্তর্ভুক্ত করার দাবি জানিয়েছেন বাংলাদেশ শিক্ষক সমিতির নেতারা। গতকাল সকালে জাতীয় প্রেসক্লাবের সামনে এক মানববন্ধনে সংগঠনের নেতারা এ দাবি জানান। সমিতির সভাপতি আলী আহামেদের সভাপতিত্বে মানববন্ধনে বক্তব্য রাখেন সাধারণ সম্পাদক রঞ্জিত কুমার সাহা, বজলুর রহমান, কাওছার আলী, শেখ আবুল কাশেম, শহীদুল্লাহ ও মণি হালদার। শিক্ষকদের অন্য দাবির মধ্যে আছে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের ন্যায় বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত-কর্মচারীদের চাকরির বয়স ৬৫ বছরে উন্নীত করা, সরকারি শিক্ষক-কর্মচারীদের সমপরিমাণ বার্ষিক ইনক্রিমেন্ট, বাড়িভাড়া, উৎসব ভাতা, মেডিকেল ভাতা প্রদান, লাইব্রেরিয়ানদের অবিলম্বে এমপিওভুক্ত এবং প্রস্তাবিত শিক্ষা আইনে শিক্ষকদের শাস্তিদানের বিধান বাতিল করা।